

সপ্তম অধ্যায়

বিভিন্ন প্রতিকূল অবস্থা থেকে নিজেকে রক্ষা করা

জ্ঞানমূলক প্রশ্নের উত্তরঃ

প্রশ্ন : ১। কৈশোর কালকে কোন ধরনের বয়স বলা হয়?

উত্তরঃ কৈশোর কালকে ঝড় ঝঞ্ঝার বয়স বলা হয়।

প্রশ্ন : ২। ধুমপান কী?

উত্তরঃ বিড়ি সিগারেট তামাকের ধোয়া সেবন হলো ধুমপান।

প্রশ্ন : ৩। পড়ার ঘরে টিভি রাখলে কী হয়।

উত্তরঃ পড়ার ঘরে টিভি রাখলে পড়াশোনার মনোযোগ নষ্ট হয়।

প্রশ্ন : ৪। কৌতুহলের বয়স কোনটি?

উত্তরঃ কৌতুহলের বয়স কৈশোরকাল।

প্রশ্ন : ৫। মাদকদ্রব্য কী?

উত্তরঃ মাদকদ্রব্য এক ধরনের রাসায়নিক পদার্থ।

প্রশ্ন : ৬। কত সালে বাংলাদেশে জাতিসংঘ শিশু অধিকার সনদে স্বাক্ষর করে?

উত্তরঃ ১৯৯০ সালে বাংলাদেশ জাতিসংঘ শিশু অধিকার সনদে স্বাক্ষর করেন।

প্রশ্ন : ৭। মাদকের বদ অভ্যাস কীভাবে গড়ে উঠে।

উত্তরঃ মাদকের বদ অভ্যাস সঙ্গদোষে গড়ে উঠে।

প্রশ্ন : ৮। বন্ধুত্ব কী দেয়।

উত্তরঃ বন্ধুত্ব সাহাচর্য কাজে উৎসাহ ও উদ্দীপনা দেয়।

অনুধাবনমূলক প্রশ্নের উত্তরঃ

প্রশ্ন : ১। প্রচারমাধ্যমের গুরুত্ব সম্পর্কে লেখ।

উত্তরঃ তথ্য প্রাপ্তির দ্রুততম মাধ্যম হলো প্রচারমাধ্যম। রেডিও টেলিভিশন কম্পিউটার খবরের কাগজ ইত্যাদিকে আমরা প্রচারমাধ্যম বলি। এর মাধ্যমে আমরা প্রচুর তথ্য জানতে পারি। এছাড়া যেকোনো বিষয়ে সঠিক ধারণা পাই অল্প সময়ে খবর পাঠাতে পারি যোগাযোগ সহজ হয়।

প্রশ্ন : ২। বন্ধু নির্বাচনে সতর্ক হওয়া দরকার কেন?

উত্তরঃ একদিকে বন্ধুদের মাধ্যমেই ইতিবাচক মনোভাব তৈরি হয়। আবার অন্যদিকে বিভিন্ন অনিয়ম অসৎ কাজ বদ অভ্যাস বন্ধুদের মধ্য দিয়েই তৈরি হয়। খারাপ বন্ধু যে কারও জীবনে ধ্বংস ডেকে আনতে পারে। তাই বন্ধু নির্বাচনে সতর্ক হওয়া দরকার।

প্রশ্ন : ৩। প্রতিকূল অবস্থা বলতে কী বোঝায়?

উত্তরঃ যে অবস্থা আমাদের জন্য ক্ষতিকর আমাদের ভারো করেনা এগিয়ে যাওয়ার জন্য সহায়ক না সেটাই প্রতিকূল অবস্থা। যেমন অসৎ সঙ্গ বখাটে দলের হয়রানির শিকার বাল্যবিবাহ ইত্যাদি।

প্রশ্ন : ৪। প্রচারমাধ্যমের প্রয়োজনীয়তা ব্যাখ্যাকর

উত্তরঃ প্রচারমাধ্যম বলতে রেডিও টেলিভিশন খবরের কাগজ কম্পিউটারেরমাধ্যমে অনলাইন ইত্যাদিকে বোঝায়। এ সকল প্রচারমাধ্যমের সঠিক ব্যবহার আমাদের জ্ঞান বিকাশকে বাড়িয়ে দেয়। আমরা প্রচুর তথ্য জানতে পারি। এছাড়া যেকোনো বিষয়ে সঠিক ধারণা পাই অল্প সময়ে খবর পাঠাতে পারি এবং যোগাযোগ সহজ হয়। বর্তমান যুগে প্রচারমাধ্যমের প্রয়োজনীয়তা দিন দিন বৃদ্ধি পাচ্ছে এবং মানবজীবনে নানা রকম সহযোগিতায় প্রচারমাধ্যমে গুরুত্বপূর্ণ অবদান রাখছে।

প্রশ্ন : ৫। মাদক গ্রহণের ফলে কীরূপ সামাজিক অবক্ষয় হয় ব্যাখ্যা কর।

উত্তরঃ মাদক শারীরিক মানসিক "আর্থিক নৈতিক ক্ষতির পাশাপাশি সামাজিক অবক্ষয়ও ঘটায়। যেমন- কাজ করার আগ্রহ কমায় মায়া মমতা ও ভালোবাসার অভাব তৈরি করে। একজন ব্যক্তিকে সহজেই অপরাধ জগতে প্রবেশের পথ করে দেয়।